West Bengal State University

B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2011

Part - I

বাংলা — সাম্মানিক

প্রথম পত্র

Duration : 4 Hours Maximum Marks : 100

প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের দ্যোতক ।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয় ।

১। চর্যাপদের আবিষ্কার সংক্রান্ত তথ্য বিবৃত করুন । চর্যাপদের সহজিয়া সাধকেরা ধর্মবোধের কথা বলতে গিয়ে প্রকৃত-পক্ষে বাস্তব চর্চিত জীবনযাত্রার কথাই বলেছেন । — আলোচনা করুন । ৫ + ১০

অথবা

মধ্যযুগের বাংলা অনুবাদ সাহিত্যের প্রধান তিনটি ধারার প্রধান তিনজন কবির নাম লিখুন । মহাভারতের অনুবাদের ধারায় প্রধান অনুবাদ গ্রন্থটির পরিচয় দিন । ২ + ১৩

অথবা

"ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' প্রকৃতপক্ষে কবির সমকালীন অবক্ষয়িত সমাজজীবনেরই শিল্প-সঙ্গীত ।" — আলোচনা করুন ।

২। সাহিত্যের ইতিহাসে সাময়িক পত্র বিষয়ে অবহিত হওয়ার সার্থকতা কী ? 'দিগ্‌দর্শন' থেকে 'তত্ত্ববোধিনী' পত্রিকা পর্যন্ত উল্লেখযোগ্য সাময়িক পত্রগুলির ভূমিকা সংক্ষেপে আলোচনা করুন । ৫ + ১০

অথবা

"বাংলা গীতিকবিতার ইতিহাসে বিহারীলাল চক্রবর্তীর ভূমিকা বড় কবির নয়, নতুন ধারার কবি হিসাবে ।" — আলোচনা করুন । ৩ + ১২

অথবা

প্রাবন্ধিক অক্ষয়কুমার দত্তের কৃতিত্ব আলোচনা করুন ।

৩। রবীন্দ্রোত্তর আধুনিক বাংলা কবিতার বৈশিষ্ট্যগুলি আলোচনা করে জীবনানন্দ দাশ অথবা সুধীন্দ্রনাথ দত্তের কবি-প্রতিভার পরিচয় দিন। ৫ + ১০

ছোটগল্পকার হিসাবে প্রভাতকুমার মুখোপাধ্যায়ের কৃতিত্ব আলোচনা করুন।

নাট্যকার উৎপল দত্তের কৃতিত্ব বিচার করুন

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দিন : ১ × ১০ = ১০

ক) চৈতন্যপূর্ব ও চৈতন্যোত্তর যুগের পদাবলী সাহিত্যের প্রধান প্রধান পার্থক্যগুলি উদাহরণ সহযোগে দেখিয়ে দিন।

খ) প্রহসন রচয়িতা হিসাবে মধুসূদনের প্রতিভার মূল্যায়ন করুন।

গ) প্রেমেন্দ্র মিত্র কোন্ সমাজ প্রেক্ষাপটে গল্প লিখে ছোটগল্পকার হিসাবে সফল হয়েছেন, সংক্ষেপে বুঝিয়ে দিন।

৫। প্রতিটি গুচ্ছ থেকে একটি করে যে-কোনো তিনটি গ্রন্থের সংক্ষিপ্ত পরিচয় দিন : ৩ × ৫ = ১৫

ক) মনসা বিজয়, চৈতন্যভাগবত, পরাগলী মহাভারত।

খ) পদ্মিনী উপাখ্যান, প্রভাবতী সম্ভাষণ, সধবার একাদশী।

গ) সাতটি তারার তিমির, কয়লাকুঠি, প্রথম প্রতিশ্রুতি।

(বাংলা ভাষার ইতিহাস)

৬। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দিন : ১ × ১৫ = ১৫

ক) মধ্যভারতীয় আর্যের স্তর অতিক্রম করে কেমনভাবে বাংলা ভাষার জন্ম হলো, একটি রেখাচিত্রের দ্বারা বুঝিয়ে দিন। প্রসঙ্গত, আদি-মধ্য বাংলা ভাষার পাঁচটি ভাষাতাত্ত্বিক লক্ষণ লিখুন। ৫ + ৩ + ৭

খ) বাংলা ভাষার সাধু ও চলিত রীতির পরিচয় দিয়ে উভয় রীতির বৈশিষ্ট্য ও দৃষ্টান্তসহ পার্থক্য নির্দেশ করুন।

গ) বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত দেশী ও বিদেশী শব্দসমূহের দৃষ্টান্তসহ আলোচনা করুন।

৭। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১ × ১৫ = ১৫

ক) যে কোনো **পাঁচটি** শব্দের উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করুন ঃ ৫ × ৩

বিষমীভবন, বিপ্রকর্ষ, লোকনিরুক্তি, অভিশ্রুতি, বর্ণবিপর্যয়, স্বরসঙ্গতি, সমাক্ষর লোপ।

খ) যে কোনো **পাঁচটি** শব্দের ভাষাতাত্ত্বিক টীকা লিখুন ঃ ৫ × ৩

ছাঁতা, ওঝা, কুলুপ, দাম, সই, ইঁদুর, আলতা, আদিখ্যেতা, ভাত।

West Bengal State University

B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2011

Part - I

বাংলা — সাম্মানিক

দ্বিতীয় পত্র

Duration : 4 Hours Maximum Marks : 100

প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের দ্যোতক

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়

কোনো প্রশ্নে একাধিক অংশ থাকলে প্রতিটি অংশের উত্তর আলাদা অনুচ্ছেদে লিখতে হবে।

১। আঞ্চলিক উপন্যাসের লক্ষণগুলি নির্দেশ করুন। সামাজিক উপন্যাসের সঙ্গে এর সম্পর্ক ও পার্থক্য কীভাবে নির্ধারণ করবেন লিখুন। একটি সার্থক আঞ্চলিক উপন্যাসের পরিচয় দিন। ৫ + ৫ + ১০

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন ঃ ২ × ১০ = ২০

ক) ছোটগল্প ও উপন্যাসের পার্থক্য উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন। ১০

খ) উপন্যাস শিল্পে চেতনাপ্রবাহরীতি বলতে কী বোঝায় তা লিখুন এবং একটি চেতনাপ্রবাহমূলক উপন্যাসের পরিচয় দিন। ৫ + ৫

গ) কোনো উপন্যাসের বিষয়বস্তু ইতিহাস থেকে গৃহীত হলেই তাকে ঐতিহাসিক উপন্যাস বলা যায় না — ঐতিহাসিক উপন্যাসের বৈশিষ্ট্য আলোচনা করে এই মন্তব্যের বিচার করুন। ১০

ঘ) "মনস্তত্ত্ববিশ্লেষণমূলক" উপন্যাস বলতে কী বোঝায় ? এই জাতীয় একটি বাংলা উপন্যাসের আলোচনা করুন। ১০

২। ক) 'চন্দ্রশেখর' উপন্যাসের গঠনকৌশল সম্পর্কে আলোচনা করুন। প্রসঙ্গত বিভিন্ন খণ্ডের নামকরণের তাৎপর্য ব্যাখ্যা করুন। ৭ + ৮

অথবা

"পরে শৈবলিনীর জ্ঞান জন্মিতে লাগিল। বুঝিল যে, প্রতাপ ভিন্ন পৃথিবীতে সুখ নাই। বুঝিল, এ জন্মে প্রতাপকে পাইবার সম্ভাবনা নাই।" — শৈবলিনীর জীবনে সংকট ও দুঃখময় পরিণতির মূলে এই কথাগুলি কীভাবে কাজ করেছে দেখান। ১৫

খ) "কেতকীর সঙ্গে আমার সম্বন্ধ ভালবাসারই ; কিন্তু সে যেন ঘড়ায়-তোলা জল, প্রতিদিন তুলব, প্রতিদিন ব্যবহার করব। আর লাবণ্যের সঙ্গে আমার যে ভালবাসা সে রইল দিঘি ; সে ঘরে আনবার নয়, আমার মন তাতে সাঁতার দেবে।" — কেতকী ও লাবণ্য চরিত্র দুটি বিশ্লেষণ করে অমিতের এই মন্তব্যের যাথার্থ্য বিচার করুন।

অথবা

'শেষের কবিতা' উপন্যাসে যোগমায়ার ভূমিকা কতখানি তা আলোচনা করে দেখান।

গ) 'শ্রী কান্ত' (১ম পর্ব) উপন্যাসটি কোন্ শ্রেণির উপন্যাস তা যুক্তি দিয়ে বুঝিয়ে দিন।

অথবা

"কি করিয়া 'ভবঘুরে' হইয়া পড়িলাম, সে কথা বলিতে গেলে প্রভাতজীবনে এ নেশায় কে মাতাইয়া দিয়াছিল তাহার একটু পরিচয় দেওয়া আবশ্যক। তাহার নাম ইন্দ্রনাথ।" — ইন্দ্রনাথ কীভাবে শ্রীকান্তকে 'ভবঘুরে' হবার নেশায় মাতিয়ে তুলেছিল, 'শ্রীকান্ত' উপন্যাসের প্রথম পর্ব অবলম্বনে তা দেখান। ১৫

ঘ) 'হাঁসুলীবাঁকের উপকথা'য় মিথ ও রিয়েলিটির দ্বন্দ্ব এবং তার পরিণতি কীভাবে ঘটেছে তা বিশ্লেষণ করে দেখান।

অথবা

'হাঁসুলীবাঁকের উপকথা' উপন্যাসে বনওয়ারী চরিত্রের গুরুত্ব কতখানি তা বিচার করে দেখান। ১৫

৩। ক) "আমি থাকিলে, শৈবলিনীর চিত্ত, কখন না কখন বিচলিত হইবার সম্ভাবনা। অতএব আমি চলিলাম।" — কে, কাকে, কখন একথা বলেছে ? বক্তার চরিত্রের কোন্ বিশেষত্ব এখানে প্রকাশিত হয়েছে ? ১ + ১ + ১ + ২

অথবা

"অনর্থক কলঙ্ক কিনিলাম, জাতি হারাইলাম, পরকাল নষ্ট করিলাম।" — কে একথা ভেবেছে ? কেন ভেবেছে, তার এই ভাবনার পরিচয় দিন। ১ + ৪

খ) "ও পড়তে লাগল সুনীতি চাটুজ্জের 'বাংলা ভাষার শব্দতত্ত্ব'।" — 'ও' বলতে কাকে বোঝানো হয়েছে ? সুনীতি চাটুজ্জে কে তার পরিচয় দিন। 'বাংলা ভাষার শব্দতত্ত্ব' পড়ার কারণ কী ? ১ + ২ + ২

অথবা

"কোথায় আছ নিবারণ চক্রবর্তী ! এইবার ভর করো আমার 'পরে — বাণী দাও, বাণী দাও।" — কে নিবারণ চক্রবর্তীকে আহ্বান করেছে ? নিবারণ চক্রবর্তীর সম্যক পরিচয় দিন। ১ + ৪

গ) "বড় প্রেম শুধু কাছেই টানে না — ইহা দূরেও ঠেলিয়া ফেলে।" — এই উপলব্ধি কার ? প্রসঙ্গ উল্লেখ করে কথাটির তাৎপর্য ব্যাখ্যা করুন। ১ + ৪

অথবা

"তোর গায়ে ওটা কালোপানা কি রে ? র‍্যাপার ? আহা, র‍্যাপারের কি শ্রী। তেলের গন্ধে ভূত পালায় ! ফুট্‌চে — পেতে দে দেখি, বসি।" — কে, কাকে, কখন একথা বলেছে ? এই উক্তিতে বক্তার চরিত্রের কোন্ বৈশিষ্ট্য লক্ষ্য করা যায় ? ১ + ১ + ১ + ২

ঘ) "হাঁসুলীবাঁকের কাহারেরা বলছে — বাবুমশায়েরা 'তরাস' পেয়েছেন।" — 'তরাস' শব্দের অর্থ কী ? বাবুমশায়েরা বলতে কাদের বোঝানো হয়েছে ? সংক্ষেপে 'তরাসে'র কারণটি লিখুন। ১ + ১ + ৩

অথবা

"ঘি দিয়ে ভাজ নিমের পাত,

নিম না ছাড়েন নিজের জাত।"

— কথাটা কে বলেছে ? এখানে 'নিম' এবং 'ঘি' বলতে কী বোঝানো হয়েছে ? প্রসঙ্গটির পরিচয় দিন।

১ + ১ + ১ + ২